

“ছেলে হোক, মেয়ে
হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস-পরিসংখ্যান-বিশ্লেষণ
www.dgfp.gov.bd



নম্বর: ৫৯.১১.০০০০.৪০১.০৬.০০১.২০.৩২

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮

০৭ এপ্রিল ২০২২

পরিপত্র

বিষয়: ই-এমআইএস কার্যক্রমে ব্যবহার্য ট্যাব প্রতিস্থাপন নীতিমালা


স্মারক নং- ৫৯.১১.০০০০.৪০১.০৬.০০১.২০.১৩৩ তারিখ: ২৩ মার্চ ২০২০ ৯ তারিখে জারীকৃত ট্যাববেলট (ট্যাব) ব্যবহার, প্রতিস্থাপন এবং নিরাপত্তা বিষয়ক নির্দেশনাবলীর ক (৩, ৪) এবং খ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাবলীর অনুবৃত্তিক্রমে নিম্নবর্ণিত নির্দেশাবলী জারী করা হলো:

- কোনো উপজেলার উল্লেখযোগ্য সংখ্যক ট্যাব ব্যবহার অনুপযোগী হয়ে পরলে নির্দিষ্ট তারিখে উপজেলার সকল ট্যাব উপজেলায় এনে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসারের উপস্থিতিতে প্রশিক্ষণপ্রাপ্ত ট্রাবলশুটার উক্ত ট্যাবসমূহ পৃষ্ঠানুপৃষ্ঠভাবে পরীক্ষা নিরীক্ষা করবেন। অতঃপর যে সকল ট্যাব প্রাথমিক বিচারে সম্পূর্ণরূপে ব্যবহার অনুপযোগী মনে হবে, সেগুলোর ব্যবহারকারীর নাম, ইউনিট, উপজেলা, সীমনম্বর, ট্যাব প্রাপ্তির তারিখ উল্লেখপূর্বক সচল ট্যাব প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট উপপরিচালক (পরিবার পরিকল্পনা)-এর মাধ্যমে একটি চাহিদা পরিচালক (এমআইএস) বরাবর প্রেরণ করবেন।
- এরূপ চাহিদা প্রাপ্তির অব্যবহিত পর অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট চাহিত সংখ্যক সচল ট্যাবসহ একজন কর্মকর্তার তত্বাবধানে একটি কারিগরী টিম সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করবে। উক্ত টিম প্রাথমিকভাবে চিহ্নিত ব্যবহার অনুপযোগী ট্যাবসমূহ পুনঃপরীক্ষা করে যেসকল ট্যাব আর ব্যবহার করা যাবে না মর্মে নিশ্চিত হবেন, টিমের সংগে বহন করে নেয়া ট্যাবের মজুদ হতে তাৎক্ষণিকভাবে সেসকল ট্যাব প্রতিস্থাপন করে প্রয়োজনীয় কারিগরী সেটিং সম্পন্ন করে ব্যবহার উপযোগী করে তা ব্যবহারকারীদের মধ্যে বিতরণ করবেন। এরূপ বিতরনকৃত ট্যাবের তথ্যাদি যথাযথভাবে সংশ্লিষ্ট দপ্তরসমূহে সংরক্ষণ করতে হবে।
- এতদুশ্যে অধিদপ্তর হতে প্রেরিত ট্যাব এবং উদ্ধৃত (যদি থাকে) ট্যাব সমূহের মধ্যে যে সকল ট্যাব এখনো কিছুকাল ব্যবহার করা যাবে তা আপদকালীন মজুদ (বাফার স্টক) হিসেবে সংশ্লিষ্ট উপপরিচালকের হেফাজতে মজুদ রাখা হবে। তবে এ ট্যাবের সংখ্যা কোনক্রমেই জেলার সকল ট্যাবব্যবহারকারীর সংখ্যার ৫ শতাংশের বেশী হবে না। লক্ষ্য রাখতে হবে যেন চাহিদা প্রাপ্তির ২৪ ঘণ্টার মধ্যে চাহিত ট্যাব উপজেলা পর্যায়ে প্রেরণ করা সম্ভব হয়। কোনো ট্যাবই যেন বাফার স্টক হিসেবে বা অন্যভাবে বিতরণের অপেক্ষায় ছয় মাসাধিক কাল অব্যবহৃত অবস্থায় পড়ে না থাকে, তাও নিশ্চিত করতে হবে।
- বর্ণিত মজুদ হতে পরবর্তী সময়ে কোনো ব্যবহারকারীর ট্যাব ব্যবহার অনুপযোগী মনে হলে প্রথম অনুচ্ছেদে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করে ট্যাব প্রতিস্থাপন করতে হবে। তবে এ ক্ষেত্রে আবশ্যিকভাবে এরূপ প্রতিস্থাপনের বিষয়টি এমআইএস ইউনিট কে অবহিত করতে হবে। এমআইএস ইউনিটের কেন্দ্রীয় কারিগরী দল এসকল

ট্যাবের প্রয়োজনীয় সেটিং সম্পন্ন করবে।

- ব্যবহারকারীর বদলী/অবসর/চাকুরী ত্যাগ/মৃত্যু বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট ট্যাবটি উপজেলা স্টোরে সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে অবশ্যই পরবর্তী ব্যবহারকারীকে উক্ত ট্যাব বিতরণ করার পূর্ব পর্যন্ত ট্যাবের ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন রাখতে হবে, ট্যাবটিকে ফ্যাক্টরী সেটআপ দিয়ে পরবর্তী ব্যবহারকারীর জন্য ব্যবহার উপযোগী করে রাখতে হবে, দীর্ঘদিনেও ব্যবহৃত না হলে মাঝে মাঝে ব্যাটারী চার্জ করতে হবে। দীর্ঘদিন কোন পদ শূন্য থাকলে উক্ত পদের বিপরীতে প্রদেয় ট্যাব সংশ্লিষ্ট উপপরিচালকের অফিসে জমা দিতে হবে। এসকল ট্যাব প্রয়োজন হলে সংশ্লিষ্ট উপপরিচালক অন্য কোন উপজেলার যেকোন ব্যবহারকারীকে বিতরণ করতে পারবেন। তবে এরূপ প্রতিক্ষেত্রে বিষয়টি এমআইএস ইউনিটকে অবহিত করতে হবে।
- নষ্ট ট্যাবগুলো বিনষ্ট গণ্য করে কেন্দ্রীয় গুদামে ফেরত পাঠাতে হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।



৭-৪-২০২২

মোঃ শাহাদৎ হোসেন

পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমআইএস)

ফোন: ৫৫০১২৩৫২

ইমেইল: dirmis@dgfp.gov.bd

বিতরণ:

- ১) পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২) পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল বিভাগ)
- ৩) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ----- জেলা।
- ৪) উপপরিচালক/প্রোগ্রাম ম্যানেজার (সকল)-----।
- ৫) স্টাট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ৬) স্টাট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, এম আই এস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর